

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৫

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

শূন্য থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের
আধার তালিকাভুক্ত করতে বিশেষ উদ্যোগ

শূন্য থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের তালিকাভুক্ত করতে স্বাস্থ্য দপ্তরকে দায়িত্ব দিয়েছে ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অব ইন্ডিয়া। তারা সি.ই.এল.সি. কিট কেনার জন্য অর্থ মঞ্জুর করেছে। দপ্তর গত মার্চ মাসে ১৩৮টি কিট কেনার জন্য নির্দেশ দিয়েছিলো। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা প্রফেসর (ডা.) তপন মজুমদার এবং ইউ.আই.ডি.এ.আই.-এর কর্মকর্তাদের উপস্থিতিতে গত ২২ এপ্রিল আনুষ্ঠানিকভাবে কিটগুলি গ্রহণ করা হয়।

ইউ.আই.ডি.এ.আই.-এর সহযোগিতায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর শিশুদের তালিকাভুক্তির বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করতে যাচ্ছে। প্রার্থীদের ইতিমধ্যেই শর্টলিস্ট করা হয়েছে। যারা আধার অপারেটর হিসাবে কাজ করবেন সেইসব প্রার্থীকে মে মাসের প্রথম সপ্তাহ থেকে অঞ্চলভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর রাজ্য জুড়ে জেলা হাসপাতাল, সামাজিক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং জন্ম নিবন্ধকরণ ইউনিটে আধার অপারেটরদের নিযুক্ত করার পরিকল্পনা গ্রহণ করেছে। দপ্তরের পক্ষ থেকে আগামী তিন মাসের মধ্যে তালিকাভুক্তি শুরু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ত্রিপুরায় ০-৫ বছরের আনুমানিক জনসংখ্যা ২.৮৭ লক্ষ এবং এখনও পর্যন্ত তাদের মধ্যে ৯৮ হাজারকে আধার কার্ড প্রদান করা হয়েছে। জাতীয় স্তরে এই বয়সের শিশুদের আধার কার্ড করার হার ৩৮ শতাংশ। ত্রিপুরায় এই হার ৩৪ শতাংশ।
